দৈনিক সংবাদ

C55

তারিখ 19 AUG 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম 2

২৯ শ্রাবণ ১৩৯৪ বাং

ঢাকা বিশ্ববিদ্যালয়

# চলতি মাসেই অনার্স পরীক্ষা অনুষ্ঠানের আশ্বাস

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের অনার্স পরীক্ষা (কোর্স পদ্ধতি) অবিলম্বে অনুষ্ঠানের দাবীতে একদল পরীক্ষার্থী গতকাল মঙ্গলবার সকালে প্রতীক অনশন শুরু করার পর উপ-উপাচার্য তাদেরকে আশ্বাস দেন

(৭-এর পাতায় দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

যে, এ মাসের মধ্যেই পরীক্ষা নেয়া শুরু হবে। এই আশ্বাসের পরিপ্রেক্ষিতে পরীক্ষার্থীরা অনশন ভঙ্গ করে।

সকাল ১০টায় জাতীয় প্রেস-ক্লাবের সামনে পরীক্ষার্থীরা বারো ঘন্টার প্রতীক অনশন শুরু করে। বিভিন্ন বিভাগের ৪২ জন পরীক্ষার্থী এতে অংশ নেয়। সাড়ে ১২টার দিকে উপ-উপাচার্য অধ্যাপক এনাজউদ্দিন আহমেদ সেখানে উপস্থিত হয়ে চলতি মাসের মধ্যেই পরীক্ষা নেয়া শুরু হবে এই আশ্বাস দিয়ে পরীক্ষার্থীদের অনশন ভাঙতে বলেন। অনশনকারীরা এরপর তাঁর হাত থেকে ফলের রস খেয়ে অনশন ভঙ্গ করে।

উল্লেখ্য, উক্ত অনার্স পরীক্ষা বর্তমানে অষ্টমবারের মত স্থগিত রয়েছে। আগামী ২৫শে আগষ্ট অনুষ্ঠেয় একাডেমিক কাউন্সিলের সভায় পরীক্ষাটির ভাগ্য নির্ধারণের ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার কথা।

### বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল সাধারণ ছাত্র বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়া সহ আরো কয়েকটি দাবী জানিয়ে গতকাল কর্তৃপক্ষের কাছে একটি স্মারকলিপি দিয়েছে। উপ-উপাচার্য তাদের স্মারকলিপিটি গ্রহণ করেন। আগামী ২৫ তারিখে অনুষ্ঠেয় একাডেমিক কাউন্সিলের সভার কথা উল্লেখ করে তিনি তার পর দিন তার সাথে দেখা করতে বলেছেন বলে ছাত্ররা জানিয়েছে।

### ছাত্রলীগের (মু-না)

বাংলাদেশ ছাত্রলীগের (মু-না) সভাপতি মুশতাক হোসেন ও সাধারণ সম্পাদক নাজমুল হক প্রধান এক বিবৃতিতে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছেন। [illegible]